# বয়কট কাটিয়ে আজ থেকেই মাঠে ফিরছে বিপিএল




সংগৃহীত ছবি

স্থগিতের শঙ্কা কাটিয়ে আজ শুক্রবার (১৬ জানুয়ারি) থেকে আবার শুরু হচ্ছে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল)। বিসিবির এক পরিচালকের মন্তব্য ঘিরে তৈরি হওয়া জট কাটায় ক্রিকেটাররা মাঠে ফেরার সিদ্ধান্ত নিয়েছেন।

বিসিবির পরিচালক এম নাজমুল ইসলামের বক্তব্যকে কেন্দ্র করে বৃহস্পতিবার দুটি ম্যাচ বয়কট করেন ক্রিকেটাররা। পরে আলোচনার মাধ্যমে সমাধান আসায় আজ সেই ম্যাচগুলো আয়োজনের সিদ্ধান্ত হয়। বিপিএল গভর্নিং কাউন্সিলের সদস্যসচিব ইফতেখার রহমান এ তথ্য নিশ্চিত করেন।

বৃহস্পতিবার রাজধানীর গুলশানে বিসিবি কার্যালয়ে কোয়াব সভাপতি মোহাম্মদ মিঠুনকে সঙ্গে নিয়ে সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেওয়া হয়। এর আগে সন্ধ্যায় ফ্র্যাঞ্চাইজি প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন বিসিবি কর্মকর্তারা। পরে রাত সাড়ে দশটার দিকে ক্রিকেটারদের সঙ্গে আলোচনার পরই টুর্নামেন্ট চালুর সিদ্ধান্ত চূড়ান্ত হয়।

বয়কট হওয়া নোয়াখালী এক্সপ্রেস–চট্টগ্রাম রয়্যালস ম্যাচটি আজ দুপুর ২টায় এবং রাজশাহী ওয়ারিয়র্স–সিলেট টাইটানস ম্যাচটি সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত হবে। আজকের পূর্বনির্ধারিত ম্যাচগুলো হবে শনিবার, আর শনিবারের ম্যাচগুলো পিছিয়ে নেওয়া হয়েছে রোববারে।

প্লে-অফ সূচিতেও পরিবর্তন এসেছে। এলিমিনেটর ও প্রথম কোয়ালিফায়ার ১৯ জানুয়ারির বদলে ২০ জানুয়ারি অনুষ্ঠিত হবে। তবে দ্বিতীয় কোয়ালিফায়ার ও ফাইনালের সময়সূচি অপরিবর্তিত থাকছে।

ভারতে টি-টোয়েন্টি বিশ্বকাপে না খেললে ক্ষতিপূরণ প্রসঙ্গে নাজমুল ইসলামের মন্তব্য থেকেই মূলত সংকটের সূত্রপাত হয়। পদত্যাগের সময়সীমা পার হলেও তিনি সরে দাঁড়াননি। পরে বৃহস্পতিবার বিকেলে বিসিবি তাকে অর্থ কমিটির চেয়ারম্যানের দায়িত্ব থেকে সরিয়ে দেয়।

এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে সংবাদ বিজ্ঞপ্তি দেয় ক্রিকেটারদের সংগঠন কোয়াব। একই সঙ্গে তারা ঢাকার ক্রিকেটের সংকট, নারী ক্রিকেটে যৌন হয়রানির অভিযোগ, ক্রিকেটারদের সুযোগ-সুবিধা বৃদ্ধি এবং ফিক্সিংয়ের অভিযোগে অঘোষিত নিষেধাজ্ঞা বিষয়ে দ্রুত পদক্ষেপের আশ্বাস পাওয়ার কথা জানায়।